# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৫৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ইসফার বা চতুর্দিকে ফর্সা হয়ে এলে ফজর আদায় করা।

## باب مَا جَاءَ فِي الإِسْفَارِ بِالْفَجْرِ

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، ـ هُوَ ابْنُ سُلَيْمَانَ ـ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ، عَنْ مَحْمُودِ بْنِ لَبِيدٍ، عَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم يَقُولُ " أَسْفِرُوا بِالْفَجْرِ فَإِنَّهُ أَعْظَمُ لِلأَجْرِ " . قَالَ وَقَدْ رَوَى شُعْبَةُ وَالثَّوْرِيُّ هَذَا الْحَدِيثَ عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ . قَالَ وَرَوَاهُ مُحَمَّدُ بْنُ عَجْلاَنَ أَيْضًا عَنْ عَاصِمِ بْنِ عُمَرَ بْنِ قَتَادَةَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ أَبِي بَرْزَةَ الأَسْلَمِيِّ وَجَابِرٍ وَبِلاَلٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ رَافِعِ بْنِ خَدِيجٍ حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . وَقَدْ رَأَى غَيْرُ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَالتَّابِعِينَ الإِسْفَارَ بِصَلاَةِ الْفَجْرِ . وَبِهِ يَقُولُ سُفْيَانُ الثَّوْرِيُّ . وَقَالَ الشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ مَعْنَى الإِسْفَارِ أَنْ يَضِحَ الْفَجْرُ فَلاَ يُشَكَّ فِيهِ وَلَمْ يَرَوْا أَنَّ مَعْنَى الإِسْفَارِ تَأْخِيرُ الصَّلاَةِ .

বাংলা

১৫৪. হান্নাদ (রহঃ) ..... রাফি ইবনু খাদীজ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি তোমরা ইসফার অর্থাৎ চতুর্দিক ফর্সা হয়ে এলে ফজর আদায় করবে। কেননা এতে রয়েছে বিরাট ছওয়াব। - ইবনু মাজাহ ৬৭২, তিরমিজী হাদিস নম্বরঃ ১৫৪ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ) এর সূত্রে শুবা এবং ছাওরী (রহঃ) ও এই হাদিসটি রিওয়ায়াত করেছেন। আসিম ইবনু উমর ইবনু কাতাদা থেকে মুহাম্মাদ ইবনু আজালানও এটির রিওয়ায়াত করেছেন। এই বিষয়ে আবূ বারযা আসলামী, জাবির ও বিলাল রাদিয়াল্লাহু আনহুম থেকেও বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ রাফি ইবনু খাদীজ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদিসটি হাসান ও সহীহ। সাহাবী ও তাবিঈগণের অনেকেই চতুর্দিক ফর্সা হয়ে এলে ফজরের সালাত আদায় করার মত গ্রহণ করেছেন। সুফইয়ান ছাওরীর অভিমত এ-ই। ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) বলেন ইসফার অর্থ হল সন্দেহাতীতভাবে ফজরের উন্মেষ ঘটা। সালাত বিলম্বে

আদায় করা এর মর্ম নয়।

## English

Rafi bin Khadlj said:
"I heard Allah's Messenger saying: 'Perform Fajr at Al-Isfar, for indeed its reward is greater.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন ▯ বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=17343

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন